

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮৪৯

আগরতলা, ২৭ নভেম্বর, ২০২৩

গুরুনানক জন্মজয়ষ্ঠী  
গুরুনানক ছিলেন মানবতার প্রতীক : ক্রীড়ামন্ত্রী

বৈচিত্র্যের মধ্যে এক্যাই আমাদের দেশের ঐতিহ্য। বিভিন্ন রাজ্যের মানুষ বিভিন্ন ভাষায় কথা বলেন। তাদের ধর্ম আলাদা- সংস্কৃতিও আলাদা। এত বিভিন্নতার মাঝেও আমরা সবাই ভারতবাসী। আমরা সবাই এক। এটাই আমাদের সবচেয়ে বড় শক্তি। আজ সন্ধ্যায় স্বামী বিবেকানন্দ ময়দানে গুরুনানক জন্মজয়ষ্ঠীর উদ্বোধন করে একথা বলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, আমাদের বিশ্বগুরু হতে হবে। আমাদের এই শক্তি নিয়েই বিশ্বগুরু হওয়ার পথে এগিয়ে যেতে হবে। দেশের যুবশক্তি এই কাজে সামিল হয়েছে। যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী গুরুনানকের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, গুরুনানক সমানাধিকারের কথা বলেছেন। তিনি ছিলেন মানবতার প্রতীক।

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং যুব বিকাশ কেন্দ্রের সহায়তায় আয়োজিত এই অনুষ্ঠানে বক্তব্য রাখেন রাজ্যত্বিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী। সংক্ষিপ্ত আলোচনায় তিনি গুরুনানকের আদর্শ অনুসরণ করার আহ্বান জানান। স্বাগত বক্তব্যে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিস্বিসার ভট্টাচার্য বলেন, গুরুনানক ছিলেন মানবতাবাদের শ্রেষ্ঠ সন্তানদের মধ্যে একজন। আজকের দিনটি শিখ ধর্মাবলম্বীদের একটি পবিত্র দিন। বক্তব্য রাখেন ইন্দোনেশিয়া থেকে আগত পদ্মশ্রী ড. ইন্দ্র উদয়ন। গুরুনানকের জীবন ও আদর্শ নিয়ে আলোচনা করেন সর্দার গুরপ্রিয়াত সিং। অনুষ্ঠান শুরুর আগে অতিথিগণ গুরুনানকের প্রতিকৃতিতে পুস্পকরণ করে তাঁকে শ্রদ্ধা জ্ঞাপন করেন। উদ্বোধনী সংগীত পরিবেশন করেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের শিল্পীগণ। মধ্যে উপস্থিত ছিলেন যুব বিকাশ কেন্দ্রের প্রতিষ্ঠাতা দেবাশিস মজুমদার।

\*\*\*\*\*